

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

প্রতিমন্ত্রীর দপ্তর

প্রেস বিজ্ঞপ্তি-২

ওআইসি সদস্য দেশগুলোর তথ্যমন্ত্রীদের সম্মেলনে যোগ দিতে তুরস্ক পৌঁছেছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী

ঢাকা, ২৩ ফেব্রুয়ারি ২০২৪

ইসলামি সহযোগিতা সংস্থা (ওআইসি)-এর সদস্য দেশগুলোর তথ্যমন্ত্রীদের সম্মেলনে যোগ দিতে তুরস্কের ইস্তাম্বুল পৌঁছেছেন বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত।

স্থানীয় সময় বেলা ৩ টায় ইস্তাম্বুল বিমানবন্দরে পৌঁছান তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী।

ইস্তাম্বুলে প্রতিমন্ত্রীকে স্বাগত জানান ইস্তাম্বুলে নিযুক্ত বাংলাদেশের কনসাল জেনারেল মোহাম্মদ নূরে-আলাম।

এর আগে আজ শুক্রবার সকালে টার্কিশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটযোগে তুরস্কের ইস্তাম্বুলের উদ্দেশ্যে ঢাকা ছাড়েন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী।

তুরস্ক সফরকালে আগামীকাল ২৪ ফেব্রুয়ারি ইসলামি সহযোগিতা সংস্থা (ওআইসি)-এর সদস্য দেশগুলোর তথ্যমন্ত্রীদের ইসলামিক সম্মেলনের বিশেষ অধিবেশনে যোগ দেবেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী। বিশেষ এ অধিবেশনের প্রতিপাদ্য হচ্ছে, ‘ফিলিস্তিনে ইসরায়েলি দখলদারিত্বের সময় সাংবাদিকদের বিরুদ্ধে ইসরায়েল সরকারের অপতথ্য এবং শত্রুতা’। এ দিন কাতার ও তুরস্কের তথ্যমন্ত্রীদের সাথেও সাক্ষাৎ করবেন মোহাম্মদ আলী আরাফাত। এছাড়া ২৫ ফেব্রুয়ারি ‘টার্কিশ রেডিও অ্যান্ড টেলিভিশন’ অফিস পরিদর্শনের কথা রয়েছে তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রীর।

তুরস্ক সফর শেষে আগামী ২৮ ফেব্রুয়ারি ঢাকা ফিরবেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী।

//State Minister for Information and Broadcasting arrived in Turkey to attend the conference of information ministers of OIC member states//

Dhaka, 23 February 2024

State Minister for Information and Broadcasting of Bangladesh Mohammad Ali Arafat has arrived in Istanbul, Turkey to attend the conference of Information Ministers of the Organization of Islamic Cooperation (OIC).

State Minister for Information and Broadcasting arrived at Istanbul Airport at 3 PM local time.

Consul General of Bangladesh appointed in Istanbul Mohammed Nore-Alam welcomed the Minister of State in Istanbul.

Earlier [this Friday](#) morning, State Minister for Information and Broadcasting left Dhaka for Istanbul, Turkey by a flight of Turkish Airlines.

During his visit to Turkey, State Minister for Information and Broadcasting will attend the special session of the Islamic Conference of Information Ministers of the Organization of Islamic Cooperation (OIC) member states on [February 24](#). The theme of this special session is 'Israeli government's disinformation and hostility against journalists during the Israeli occupation of Palestine'. Mohammad Ali Arafat will also meet the Information Ministers of Qatar and Turkey on this day. Besides, State Minister for Information and Broadcasting is scheduled to visit the Turkish Radio and Television office on [February 25](#).

State Minister for Information and Broadcasting will return to Dhaka on [February 28](#) after his visit to Turkey.

স্বাক্ষরিত/-

মো. ইফতেখার হোসেন

জনসংযোগ কর্মকর্তা

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

মোবাইল: ০১৭৭৫২২৫৬৯০।

